# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
## রাজবাড়ী

প্রাপক ঃ জনাব ...........................................................................

...............................................................................ও

সদস্য, আইন শৃংখলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি,
রাজবাড়ী পৌরসভা।

বিষয় ঃ রাজবাড়ী পৌরসভার আইন শৃংখলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সভা আহ্বান প্রসংগে।

জনাব,

বর্ণিত বিষয়ে রাজবাড়ী পৌরসভার আইন শৃংখলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ০৩/০৯/২০২৩ খ্রিঃ তারিখ রবিবার দুপুর ১২-০০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে কমিটির সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থেকে মূল্যবান মতামত প্রদানসহ সার্বিক সহযোগিতা করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুরোধক্রমে-

২৭/৮/২৩

(মোঃ আলমগীর শেখ তিতু)
সভাপতি
আইন শৃংখলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি
ও
মেয়র, রাজবাড়ী পৌরসভা।

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
## রাজবাড়ী

০৩/০৯/২০২৩ খ্রিঃ তারিখ রবিবার দুপুর ১২-০০ ঘটিকায় অনুষ্ঠিত আইন শৃংখলা ও
জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর ঃ

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আলমগীর শেখ তিতু | মেয়র, রাজবাড়ী পৌরসভা | [signature] |
| ০২ | ,, মিসেস ফারজানা আলম | কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা | [signature] |
| ০৩ | ,, মমতাজ কোম | কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা | [signature] |
| ০৪ | ,, মোঃ আব্দুল্লাহ আল মামুন | কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা | [signature] |

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
# রাজবাড়ী

**আইন শৃংখলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য-বিবরণী ঃ**

অদ্য ০৩/০৯/২০২৩ খ্রিঃ তারিখ রবিবার দুপুর ১২:০০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে রাজবাড়ী পৌরসভার মেয়র জনাব মোঃ আলমগীর শেখ তিতু এর সভাপতিত্বে পৌরসভার আইন শৃংখলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ

| | | |
|---|---|---|
| ১। | জনাব মোঃ আলমগীর শেখ তিতু, মেয়র, রাজবাড়ী পৌরসভা, | সভাপতি |
| ২। | ,, মিসেস ফারজানা আলম, কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা, | সদস্য |
| ৩। | ,, মমতাজ বেগম, কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা, | সদস্য |
| ৪। | ,, মোঃ আব্দুলাহ আল মামুন, কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা, | সদস্য |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। তিনি সকলকে আলোচনার আহবান জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

আলোচনা ঃ

সভায় উপস্থিত জনাব মোঃ তায়েব আলী, পৌর নির্বাহী কর্মকর্তা, রাজবাড়ী পৌরসভা উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। তিনি উপস্থিত সদস্যগণকে পৌরসভা এলাকার মধ্যে আইন শৃংখলা অবনতির কোন ঘটনা জানা থাকলে তা সভায় প্রকাশ ও আলোচনার অনুরোধ জানান। পৌর এলাকার সার্বিক আইন শৃংখলা রক্ষা ও মাদক বিষয়ে সভায় আলোচনা করা হয়। উপস্থিত সদস্যবৃন্দ জানান যে, পৌর এলাকার মধ্যে মাদকাসক্তদের সংখ্যা বর্তমানে অনেকাংশে হ্রাস পেয়েছে। এখনও কিছু কিছু এলাকায় মাদক কেনা-বেচা হয় এবং ঐ সকল এলাকায় মাদকসেবীদের আনাগোনা দেখা যায়। উপস্থিত সদস্য জনাব মোঃ আব্দুলাহ আলম মামুন, মিসেস ফারজানা আলম ও মোছাঃ মরিয়ম কাজী তাদের বক্তব্যে জানান যে, পৌর এলাকার মধ্যে বিশেষ করে কলোনী এলাকা, নদী সংলগ্ন, বেড়ীবাঁধ এলাকা, লোকোসেড এলাকা, বিসিক শিল্প এলাকা, হেলিপ্যাড এলাকায় প্রকাশ্যে দিনের বেলায় ও সন্ধ্যার পর হতে মাদকাসক্তদের আনাগোনা দেখা যায়। এ সকল এলাকায় পুলিশি টহল বৃদ্ধির এবং এ বিষয়ে জোরদার পদক্ষেপ গ্রহণের জন্য রাজবাড়ী সদর থানার অফিসার ইনচার্জকে সভাপতির মাধ্যমে অনুরোধ জানান। এছাড়া পৌরসভার প্রতিটি ওয়ার্ডে আইন শৃংখলা রক্ষা ও পৌর এলাকার মধ্যে মাদক নির্মূল ও মাদকের অপব্যবহার সম্পর্কে উদ্বুদ্ধকরণ সভা করা প্রয়োজন বলে সকলে মতামত ব্যক্ত করেন। এছাড়া পৌরসভা এলাকায় যাতে আইন শৃংখলার কোন অবনতি না হয় বা কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে সেদিকে সতর্ক দৃষ্টি রাখার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

চলমানপাতা-০২

সিদ্ধান্ত ঃ

বিস্তারিত আলোচনান্তে পৌরসভা এলাকায় যাতে আইন শৃংখলার কোন অবনতি না হয় বা কোন অপ্রিতিকর ঘটনা না ঘটে সেদিকে সতর্ক দৃষ্টি রাখার জন্য স্ব-স্ব ওয়ার্ড কাউন্সিলরগণের মাধ্যমে সবাইকে অনুরোধ করা হয়। এছাড়া পৌর এলাকার মধ্যে বিশেষ করে কলোনী এলাকা, নদী সংলগ্ন, বেড়ীবাঁধ এলাকা, লোকোসেড এলাকা, বিসিক শিল্প এলাকা, হেলিপ্যাড এলাকায়সহ পৌর এলাকার মধ্যে এখনও যে সকল এলাকায় মাদকাসক্তদের আনাগোনা রয়েছে সে সকল এলাকায় পুলিশি টহল বৃদ্ধিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য রাজবাড়ী সদর থানার অফিসার ইনচার্জকে অনুরোধ জানানো হয়। এছাড়া পৌর এলাকার মধ্যে আইন-শৃংখলার অবনতি রোধকল্পে সরকারী কার্যক্রমের পাশাপাশি সহায়তা করা এবং এ বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য স্ব-স্ব ওয়ার্ড কাউন্সিলরগণকে অনুরোধ করা হয়। স্ব-স্ব ওয়ার্ডের কাউন্সিলরগণকে তাদের ওয়ার্ডে চুরি, ডাকাতি, মারামারি, বাল্য বিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতন ইত্যাদি ঘটনা সংঘটিত হলে পৌরসভায় লিখিত আকারে এবং রাজবাড়ী সদর থানায় জানানোর জন্য অনুরোধ করা হয়। এছাড়া পৌর এলাকার মধ্যে মাদক নির্মূল ও মাদকের ভয়াবহতা সম্পর্কে প্রতিটি ওয়ার্ডে বিভিন্ন সভা/অনুষ্ঠানের মাধ্যমে জনসাধারণকে উদ্বুদ্ধ করার জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরগণকে বিশেষভাবে অনুরোধ করা হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আলমগীর শেখ তিতু)
সভাপতি
আইন শৃংখলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি
ও
মেয়র
রাজবাড়ী পৌরসভা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো ঃ-

১। জেলা প্রশাসক, রাজবাড়ী। মহোদয়ের সদয় অবগতির জন্য।

২। জনাব ..........................................................................
সদস্য, আইন শৃংখলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি ও
কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা।

৩। অফিসার ইনচার্জ, রাজবাড়ী সদর থানা, রাজবাড়ী।

৪। সংশ্লিষ্ট নথি।

ফোন
অফিসঃ ০২৪৭৮৮০৭৬১৫
বাসাঃ ০২৪৭৮৮০৭৪৮০

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
রাজবাড়ী

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার

সূত্র ঃ ----------------                                                   তারিখ ঃ ----------------

স্মারক নং- রাঃপৌঃ/প্রকৌঃ/ ৬৪৫/৩০                                                   তারিখঃ ০৬/০৯/২০২৩ খ্রিঃ।

প্রাপক ঃ জনাব ........................................................

..................................................................ও
সদস্য, যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি,
রাজবাড়ী পৌরসভা।

বিষয় ঃ রাজবাড়ী পৌরসভার যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটির সভা আহবান প্রসঙ্গে।

জনাব,

বর্ণিত বিষয়ে রাজবাড়ী পৌরসভার যোগাযোগ ও ভৌত অবকাঠামো স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগনকে জানানো যাচ্ছে যে, আগামী ০৫/০৯/২০২৩ খ্রিঃ তারিখ সোমবার দুপুর ১২.৩০ ঘটিকায় পৌরসভা কার্যালয়ে কমিটির সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থেকে মূল্যবান মতামত প্রদানসহ সার্বিক সহযোগীতা করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুরোধক্রমে

০৩/৯/২৩

(মোঃ জহির রাজ)
সভাপতি
যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা।

০৬/০৯/২৩

"ফোন
অফিসঃ ০২৪৭৮৮০৭৬১৫
বাসাঃ ০২৪৭৮৮০৭৪৮০

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
## রাজবাড়ী

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার

সূত্র ঃ ----------------                                        তারিখ ঃ ----------------

০৫/০৯/২০২৩ খ্রিঃ তারিখ সোমবার দুপুর ১২.৩০ ঘটিকায় অনুষ্ঠিত যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর ঃ

| ক্রমিক নং | নাম | পদবী ও ঠিকানা | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ জহির রাজ | কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। | সভাপতি | |
| ০২ | " মোঃ আলমগীর শেখ তিতু | মেয়র রাজবাড়ী পৌরসভা। | সদস্য | |
| ০৩ | " মমতাজ বেগম | কাউন্সিলর, ৪,৫ও ৬ নং সংরক্ষিত আসন, রাজবাড়ী পৌরসভা। | সদস্য | |
| ০৪ | " মোছাঃ মরিয়ম কাজী | কাউন্সিলর, ৭,৮ও ৯ নং সংরক্ষিত আসন, রাজবাড়ী পৌরসভা। | সদস্য | |
| ০৫ | " আঃ রব বিশ্বাস | কাউন্সিলর, ০১ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। | সদস্য | |

ফোন
অফিসঃ ০২৪৭৮৮০৭৬১৫
বাসাঃ ০২৪৭৮৮০৭৪৮০

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
## রাজবাড়ী

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার

সূত্র ঃ ----------------

তারিখ ঃ ----------------

**রাজবাড়ী পৌরসভার যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরনী ঃ**

অদ্য ০৫/০৯/২০২৩ খ্রিঃ তারিখ মঙ্গলবার দুপুর ১২.৩০ ঘটিকায় পৌরসভার কাউন্সিলর এবং অত্র পৌরসভার যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ জহির রাজ এর সভাপতিত্বে রাজবাড়ী পৌরসভা কার্যালয়ে যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়।

**সভায় উপস্থিত সদস্য বৃন্দ ঃ**

| | | | |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ জহির রাজ | কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। | সভাপতি |
| ০২ | " মোঃ আলমগীর শেখ তিতু | মেয়র রাজবাড়ী পৌরসভা। | সদস্য |
| ০৩ | " মমতাজ বেগম | কাউন্সিলর, ৪,৫ও ৬ নং সংরক্ষিত আসন, রাজবাড়ী পৌরসভা। | সদস্য |
| ০৪ | " মোছাঃ মরিয়ম কাজী | কাউন্সিলর, ৭,৮ও ৯ নং সংরক্ষিত আসন, রাজবাড়ী পৌরসভা। | সদস্য |
| ০৫ | " আঃ রব বিশ্বাস | কাউন্সিলর, ০১ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। | সদস্য |

সভার শুরুতেই সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করতঃ বিগত সভার কার্যবিবরনী পাঠ করে উপস্থিত সদস্যবৃন্দকে শোনানো হয়।

**আলোচ্যসুচী-১ ঃ পৌরসভার বিভিন্ন এলাকার ভৌত ও যোগাযোগ অবকাঠামো উন্নয়ন ও করোনা পরিস্থিতি প্রসঙ্গে।**

সভায় উপস্থিত জনাব আঃ রব বিশ্বাস কাউন্সিলর, ০১ নং ওয়ার্ড রাজবাড়ী পৌরসভা বিগত সভার কার্যবিবরনী শ্রবন শেষে জানান যে, বর্তমানে রাজবাড়ী পৌর এলাকায় করোনা ভাইরাস দ্বারা আক্রান্ত রোগীর সংখ্যা শূন্যেও কোঠায় থাকলেও ডেঙ্গুতে আক্রান্ত রোগীর অতিরিক্ত হারে বেড়ে চলেছে। যা খুবই চিন্তা বিষয় হয়ে দাড়িয়েছে। এ সময় পৌরসভার নাগরিকদের বিভিন্ন নাগরিক সেবার মধ্যে ডেঙ্গু পরিস্থিকে প্রধান সেবা হিসাবে গন্য করে এর রোগের প্রতিরোধ বিষয়ে সর্বচ্চো গুরুত্ব দেয়া দরকার। বিশেষ করে এ রোগের উপসর্গ কি? কি কি কারনে এ রোগ হতে পারে? তাছাড়া কিভাবে এ রোগের প্রতিরোধ করা যেতে পাওে, এ সকল বিষয়ে বিভিন্ন ওয়ার্ডে উঠান বৈঠকের মাধ্যমে জনগনকে সচেতন করা যেতে পারে। বর্তমানে বর্ষা ও বৃষ্টির মৌশুম চলছে। বিগত সভার সিদ্ধান্তমতে অতিবৃষ্টি ও ভারী যানবহন বিশেষ করে বালি ভর্তি ট্রাক চলাচলের কারনে পৌরসভার মধ্যে বেশ কিছু রাস্তার পোর্টহোল সৃষ্টি হওয়া পোর্টহোল মেরামত করা হয়েছে, এজন্য মেয়র মহোদয়ের আন্তরিক ধন্যবাদ। তবে পৌরসভার মধ্যে জনবহুল অনেক রাস্তা আছে যা যান চলাচলসহ পৌরবাসির দৈনন্দিন কাজ সুষ্ঠভাবে পরিচালনার ক্ষেত্রে যথেষ্ঠ বিঘ্ন ঘটছে। পৌরবাসির যোগাযোগ অবকাঠামো উন্নয়নের জন্য উক্ত রাস্তাগুলি মেরামতের কোন পরিকল্পনা আছে কিনা এ ব্যাপারে সভায় উপস্থিত সম্মানিত মেয়র মহোদয়কে দৃষ্টি আকর্ষন করা হয়। উপরোক্ত বর্ননার সঙ্গে একমত পোষন করে সভার অপর সদস্য জনাব, মমতাজ বেগম, কাউন্সিলর, ৪, ৫ ও ৬ নং সংরক্ষিত আসন,রাজবাড়ী পৌরসভা জানান যে, পৌরসভার বিভিন্ন এলাকায় সকাল বিকাল মশক নিধনের কার্যক্রম চলছে। তাছারা বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য ধারাবাহিকভাবে ড্রেন পরিষ্কারের কাজ চলমান রয়েছে। বিষয়টি পৌরসভার বিভিন্ন পেশার জনগনের মধ্যে ব্যাপক সাড়া পড়েছে।

উপরোক্ত বর্ননার সঙ্গে একমত পোষন করে সভার অপর সদস্য জনাব, মোছাঃ মরিয়ম কাজী, কাউন্সিলর, ৭, ৮ ও ৯ নং সংরক্ষিত আসন,রাজবাড়ী পৌরসভা জানান যে, বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য ধারাবাহিকভাবে ড্রেন পরিষ্কারের কাজ চলমান থাকায় বৃষ্টির পানি কোথাও দাড়াতে পারে নাই। বিষয়টি পৌরসভার বিভিন্ন পেশার জনগনের মধ্যে ব্যাপক সাড়া পড়েছে। তাছারা যোগাযোগ ব্যবস্থা উন্নতির ক্ষেত্রে নতুন কোন পরিকল্পনা আছে কিনা তা অত্র সভাকে অবহিত করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করছি।

সভায় উপস্থিত সন্মানিত সকল সদস্যের গুরুত্বপূর্ন দীর্ঘ বক্তব্য শ্রবন করে মেয়র মহোদয় সকলকে ধন্যবাদ জানান। অতঃপর তিনি জানান যে, পৌরবাসির উন্নত যাতায়াত ব্যবস্থা উপহার দেয়াই আমাদের প্রধান লক্ষ্য। প্রকল্প পরিচালক, (আইইউজিআইপি) সঙ্গে একান্তভাবে আলাপ হয়েছে। সেমতে সম্প্রতি ইউজিআইআইপি-৩ হতে বাস্তবায়িত প্রকল্পগুলি মেরামত/সংস্কারের জন্য খুব শীঘ্রই বেশ কিছু টাকা পাওয়া যাবে। আশা করি উক্ত টাকা দ্বারা পৌরসভার মধ্যে ভারী বর্ষনের কারনে ক্ষতিগ্রস্থ রাস্তাসমূহ মেরামত করা যাবে। তাছাড়া কভিড-১৯ প্রকল্পের আওতায় ইতিমধ্যে দরপত্র আহবান করা হয়েছে। কাজগুলো বাস্তবায়িত হলে যাতায়াত ব্যবস্থা সংক্রান্ত সকল সমস্যা সমাধান হয়ে যাবে। মশক নিধনের ঔষধ প্রয়োগ ও ড্রেন পরিষ্কার রাখার বিষয়টি চালু রাখা হবে। এতে ডেঙ্গু মশার উৎপত্তি কিছুটা হলেও নিয়ন্ত্রন থাকবে। তবে এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য স্ব স্ব ওয়ার্ডের সম্মানীত কাউন্সিলরগনের অগ্রনী ভূমিকা পালন করতে হবে। এ ক্ষেত্রে পৌরসভার পক্ষ হতে যেরকম সহযোগীতা দরকার তা করবে। তাছাড়া পৌর নাগরিকদের সেবা বৃদ্ধির জন্য নিয়মিত মশক নিধন, ড্রেন পরিষ্কার ও ক্ষতিগ্রস্থ রাস্তাঘাট যথাযথভাবে মেরামতের প্রক্রিয়া চলমান রাখার নিমিত্তে ইতিমধ্যেই সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশ দেয়া হয়েছে। এ ব্যাপারে অদ্যকার সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ উপরোক্ত বিষয় ও আলোচনার প্রেক্ষিতে পৌরবাসির যাতায়াত ব্যবস্থা উন্নত করার লক্ষে পৌরসভার মধ্যে ক্ষতিগ্রস্থ রাস্তাসমূহ মেরামতের যথাযথ ব্যবস্থা গ্রহন ও ডেঙ্গু রোগের বিষয়ে স্ব স্ব ওয়ার্ডের কাউন্সিলরগন পৌর নাগরিকদের প্রতি সার্বক্ষনিক নজর রাখবেন। এবং পৌরসভার সঙ্গে নিয়মিত যোগাযোগ রেখে পৌরবাসির মধ্যে বিভিন্ন সহযোগীতা করবেন। এ বিষয়ে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর অন্যকোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষনা করা হয়।

(মোঃ জহির রাজ)
সভাপতি
যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হলো ঃ-

১। মেয়র, রাজবাড়ী পৌরসভা।
২। জনাব ..............................................................
সদস্য, যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি, রাজবাড়ী পৌরসভা।
৩। নির্বাহী প্রকৌশলী, রাজবাড়ী পৌরসভা। অবগতি ও কার্যার্থে।
৪। সংশ্লিষ্ট নথি।